রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ১৭, ১৯৮৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

বিধি শাখা-২

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২রা শ্রাবণ, ১৩৯৬/১৭ই জুলাই, ১৯৮৯

**নং এস, আর, ও ২৬১-আইন/৮৯/সম(বিধি-২)/এস,এস,পি-১/৮৯**—The Services (Reorganisation and Conditions) Act, 1975 (XXXII of 1975) Section 4 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ২৩শে আগষ্ট, ১৯৭৯ তারিখের প্রজ্ঞাপন নং ইডি(আইসি)এস-২-৬/৭৮/১১০ এর মাধ্যমে প্রণীত The Senior Services Pool Order, 1979 এতদ্বারা রহিত করিলেন।

২। উক্ত রহিতকরণের ফলে উপরি-উক্ত আদেশের অধীনে গঠিত সিনিয়র সার্ভিসেস পুল বিলোপ করা হইল।

৩। বাংলাদেশ সচিবালয়ের (সিনিয়র পুলভুক্ত) সকল যুগ্ম-সচিব এবং উপ-সচিবের প্রেষণ, প্রশিক্ষণ ও ছুটিজনিত রিজার্ভসহ পদ নিম্ন তফসিলে বর্ণিত কোটা অনুযায়ী বিভিন্ন ক্যাডার সার্ভিসের জন্য সংরক্ষণ করা হ'ল। এই পদসমূহ তফসিলে বর্ণিত কোটা অনুযায়ী বিভিন্ন ক্যাডারের নিজস্ব পদ হিসেবে পরিগণিত হবে। ভবিষ্যতে যুগ্ম-সচিব ও উপ-সচিবের রিজার্ভসহ পদের সংখ্যার পরিবর্তন হলে বিভিন্ন ক্যাডারের জন্য বরাদ্দকৃত কোটাও পরিবর্তিত হবে।

৪। (বর্তমান পুলভুক্ত) সচিব এবং অতিরিক্ত সচিবের পদ সকল ক্যাডারের কর্মকর্তাদের জন্য উন্মুক্ত থাকবে এবং এই পদসমূহে নিয়োগের ক্ষেত্রে কোন ক্যাডারের জন্য কোটা বরাদ্দ করা হবে না।

৫। (বর্তমান পুলভুক্ত) সচিব, অতিরিক্ত সচিব, যুগ্ম-সচিব ও উপ-সচিবের প্রতিটি পর্যায়ের ডিউটি পদের ১০% পদে মহামান্য রাষ্ট্রপতি চুক্তিতে/প্রেষণে কর্মকর্তা নিয়োগ করতে পারবেন।



মূল্য: ৩০ পয়সা

৬। সচিব, অতিরিক্ত সচিব, যুগ্ম-সচিব এবং উপ-সচিব পদে কর্মকর্তাদের পদোন্নতি/নিয়োগের বিষয়ে নীতিমালা ভিন্নভাবে সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক জারী করা হবে।

৭। সচিবালয়ের উপ-সচিব ও তদূর্ধ্ব পদ মর্যাদার যে সকল পদ বর্তমানে সিনিয়র সার্ভিসেস পুলভুক্ত নয়, অর্থাৎ পররাষ্ট্র মন্ত্রণালয়, আইন ও বিচার মন্ত্রণালয়, নির্বাচন কমিশন সচিবালয়, জাতীয় সংসদ সচিবালয়ের নির্দিষ্ট পদসমূহ এবং বি সি এস (সচিবালয়) ক্যাডারের ২৬টি নন-পুল উপ-সচিবের পদে সংশ্লিষ্ট ক্যাডারের কর্মকর্তাদের নিয়োগের বিষয়ে বর্তমানে যে নিয়ম রয়েছে তা ভবিষ্যতেও বহাল থাকবে। ঐ সকল মন্ত্রণালয়ে বর্তমান পুলভুক্ত কর্মকর্তাদের জন্য সংরক্ষিত পদসমূহে ভবিষ্যতেও সচিবালয়ের উপ-সচিব ও তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাদের সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক নিয়োগ করা হবে।

৮। অত্র প্রজ্ঞাপন ১২ই জুলাই ১৯৮৯ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
কে, এম, রব্বানী
সচিব।

## তফসিল

**বিভিন্ন ক্যাডারের মধ্যে যুগ্ম-সচিব ও উপ-সচিবের পদের কোটা বন্টন।**

| ক্যাডার | যুগ্ম-সচিব পদের কোটা | উপ-সচিব পদের কোটা |
|---|---|---|
| প্রশাসন | ৯৫ | ২৪৫ |
| সচিবালয় | ১৬ | ৫৭ |
| কৃষি | ৪ | ৬ |
| বন | ১ | ২ |
| মৎস্য | ১ | ২ |
| পশুপালন | ২ | ৪ |
| সাধারণ শিক্ষা | ২ | ৩ |
| কারিগরী শিক্ষা | ২ | ২ |
| অর্থনীতি | ১ | ১ |
| বাণিজ্য | ১ | ১ |
| পরিসংখ্যান | ১ | ২ |
| গণপূর্ত | ৪ | ৬ |
| জনস্বাস্থ্য প্রকৌশল | ২ | ২ |
| সড়ক ও জনপথ | ৩ | ৪ |
| টেলিযোগাযোগ | ২ | ২ |

| ক্যাডার | যুগ্ম-সচিব পদের কোটা | উপ-সচিব পদের কোটা |
|---|---|---|
| নিরীক্ষা ও হিসাব | ২ | ৩ |
| শুল্ক ও আবগারী | ১ | ১ |
| কর | ২ | ৩ |
| স্বাস্থ্য | ৫ | ৮ |
| পরিবার পরিকল্পনা | ৩ | ৪ |
| রেলওয়ে (প্রকৌশল) | ১ | ২ |
| রেলওয়ে (পরিবহন) | - | ১ |
| পুলিশ | ৩ | ৬ |
| আনসার | ১ | ২ |
| সমবায় | ১ | ২ |
| তথ্য | ১ | ২ |
| ডাক | ১ | ২ |
| খাদ্য | ১ | ২ |
| মোট | ১৫৯ | ৩৭৭ |

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহফুজুল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।